

জাকসু নির্বাচন

**এমফিল, পিএইচডির সুযোগ বাতিলের
দাবিতে সাংস্কৃতিক জোটের মিছিল**

প্রতিনিধি জাবি

স্বাহাসীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে (জাকসু) এমফিল ও পিএইচডির শিক্ষার্থীদের অংশগ্রহণকে বাতিলের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ-মিছিল করে উপাচার্যের সঙ্গে দেখা করেছে সাংস্কৃতিক জোট। তবে উপাচার্য তাদের হাইকোর্টে মোকাবেলা করার জন্য বলেছেন বলে জানান জোটের নেতারা। গতকাল বেলা ১১টায় স্বাহাসীরনগর সাংস্কৃতিক জোটের সভাপতি সুলি মাহমুদের নেতৃত্বে নতুন কলা ভবন থেকে মিছিল শুরু হয়ে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে সর্বশেষ সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়। এ সময় জোটের নেতার হাত্রে সংসদ নির্বাচনে এমফিল ও পিএইচডির শিক্ষার্থীদের সুযোগ দিয়ে বিশেষ মনোনীত প্রার্থীকে প্রশাসন বিরুদ্ধী করতে চায় বলে মতবা করেন। তাদের দাবি এমফিল ও পিএইচডির শিক্ষার্থীরা গবেষক শিক্ষার্থী নন। তাদের আবাদিক হলে ব্যাকার কোন বিধান নেই এবং জাকসুর গঠনতন্ত্রে এসে নির্বাচনে অর্ধ বলে গণ্য করা হয়েছে। সমাবেশ শেষে তারা উপাচার্যের সঙ্গে দেখা করলে উপাচার্য এ বিষয়ে কোন কথা বলতে চাননি বলে জানান তারা। এ সময় উপাচার্য তাদের হাইকোর্টে গিয়ে মোকাবেলা করার কথা বলেছে বলে তারা জানায়। এ বিষয়ে উপাচার্যের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তার ফোনফোনটি বন্ধ পাওয়া গেছে। অন্যদিকে প্রধান নির্বাচন কমিশনারসহ এতদধিক কমিশনের সদস্যের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন ধরেননি।